# উপজেলা পরিষদ
# ধোবাউড়া, ময়মনসিংহ।
## উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ ডেভিড রানা চিসিম
উপজেলা পরিষদ চেয়ারম্যান
ধোবাউড়া, ময়মনসিংহ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম।

সভার তারিখ ঃ ১৬-০৯-২০২১ খ্রিঃ।

সভার সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

সভা নং ঃ ৩১।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট "ক" ও "খ" দ্রষ্টব্য।

উপজেলা পরিষদের চেয়ারম্যান, **জনাব ডেভিড রানা চিসিম**, উপস্থিত সম্মানিত সদস্যগণসহ, বিভাগীয় প্রধানগণকে সভায় স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতেই তিনি বলেন, করোনা প্রতিরোধে কিছুটা হলেও আশার আলো দেখতে পাচ্ছি। কিন্তু এখনও পর্যন্ত সংক্রমনের হার শূণ্যের কোঠায় নামেনি। তিনি স্বাস্থ্য বিধি মেনে সেবা প্রদান করার জন্য প্রত্যেককে অনুরোধ করেন। তিনি জনপ্রতিনিধি সহ সকল দপ্তর প্রধানগণকে নিজ দপ্তরে কাজ করার সময় স্বাস্থ্য বিধি মেনে সতকর্তা অবলম্বন করে কাজ করার পরামর্শ দেন। তিনি বলেন, গত বণ্যায় ঘোষগাঁও-গামারীতলা বেরী বাঁধ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। বেরী বাঁধ সংস্কারের জন্য পানি উন্নয়ন বোর্ড বরাবর চাহিদা পাঠানো হয়েছে বলে তিনি জানান। তিনি, উপজেলা পরিষদের সকল সদস্যকে ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি প্রকল্পের তালিকা দ্রুত প্রেরণ করার জন্য অনুরোধ করেন। তিনি জনগুরুত্বপূর্ণ প্রকল্পের প্রস্তাব দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করেন। অতপরঃ তিনি উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। তিনি উপস্থিত বিভাগীয় প্রধানগণ স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান করোনা প্রকট কিছুটা কমেছে কিন্তু যে কোন মূহুর্তে আবারও দেখা দিতে পারে। সকলকে অবশ্যিকভাবে স্বাস্থ্য বিধি মানতে হবে। তাছাড়া বিভাগীয় প্রধানগণকে স্থায়ী কমিটি সমূহের নিয়মিত সভা করার অনুরোধ করেন। অতপরঃ গত ২৯/০৮/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠ শেষে কোন প্রকার প্রকার সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

অতপর বিগত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নে অগ্রগতি পর্যালোচনা এবং বিভিন্ন বিভাগসমূহের উন্নয়ন কার্যক্রম সম্পর্কে আলোচনা ও পর্যালোচনা করা হয়। আলোচনা ও পর্যালোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | গত সভার সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে ধারাবাহিক বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনাকালে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত ও যথাযথভাবে বাস্তবায়িত হওয়ায় উপস্থিত সকল সদস্য সন্তোষ প্রকাশ করেন। | সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট সকল। |
| ২ | কমিটির সুপারিশ সমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | উক্ত কমিটির কার্যবিবরণী সমূহে পর্যালোচনা করে দেখা যায় অত্র সভার কার্যবিবরণীতে অন্তরর্ভূক্ত করার কোন উল্লেখ যোগ্য বিষয় না থাকায় কোন সিদ্ধান্ত নেওয়া গেল না। | | |
| ৩ | আইন, বিধি, সার্কুলার ও প্রজ্ঞাপন অবহিতকরণ ঃ | আইন, বিধি, সার্কুলার ও প্রজ্ঞাপন না থাকায় এ বিষয়টি নিয়ে আলোচনা করা হয় নাই। | | |
| ৪ | মাননীয় সংসদ সদস্যের পরামর্শের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের কোন পরামর্শ না থাকায় বিষয়টি নিয়ে আলোচনা হয় নাই। | | |

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫ | আয় ও ব্যায়ের হিসাব বিবরণী। | ৫.১। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১/০৮/২০২১ খ্রিঃ থেকে ৩০/০৮/২০২১ খ্রিঃ মাসের আয়- ব্যয়ের হিসাব বিবরণী ঃ<br>১। আয় অংশ (আগস্ট/২০২১) ঃ<br>১০,৪০,৮৯৯/- (দশ লক্ষ চল্লিশ হাজার আটশত নিরানব্বই টাকা মাত্র)।<br>(ক) স্থাবর সম্পত্তি হস্তান্তর কর (১%) ঃ ৮৭,০৬২ (সাতাশি হাজার বাষট্টি টাকা )।<br>(খ) বাসা ভাড়া ঃ ১,২১,০৬২ (এক লক্ষ একুশ হাজার বাষট্টি টাকা )।<br>(গ) উপজেলা পরিষদের বাসস্টেশন ইজারা বাবদ ঃ ১,২৫,২০০/- (এক লক্ষ পঁচিশ হাজার দুইশত টাকা)।<br>(মোট আয় ১৩,৭৪,২২১/- (তের লক্ষ চুয়াত্তর হাজার দুইশত একুশ টাকা ) )।<br>৫.২। ব্যয় অংশ (আগস্ট/২০২১) ঃ<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা ঃ ৯৪,০০০/- (চুরানব্বই হাজার টাকা মাত্র)।<br>(খ) মালির দৈনিক মজুরী ঃ ১১,০০০/- (এগারো হাজার টাকা মাত্র)।<br>(গ) সুইপারের দৈনিক মজুরী বাবদ ঃ ১১,০০০/- (এগারো হাজার টাকা মাত্র)।<br>(ঘ) আপ্যায়ন বিল বাবদ ঃ ৩৮,০০০/- (আটত্রিশ হাজার টাকা মাত্র)।<br>(ঙ) আনুসাঙ্গিক বিল বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র)।<br>মোট ব্যয় ৩,১৪,৭৮৬/- (তিন লক্ষ চৌদ্দ হাজার সাতশত ছিয়াশি টাকা মাত্র)।<br>(আয় ১৩,৭৪,২২১/- - ব্যয় ৩,১৪,৭৮৬/-) = ১০,৫৯,৪৩৫/- (দশ লক্ষ উনষাট হাজার চারশত পঁয়ত্রিশ টাকা মাত্র)।<br>১লা সেপ্টেম্বর স্থিতি ঃ = ১০,৫৯,৪৩৫/- (দশ লক্ষ উনষাট হাজার চারশত পঁয়ত্রিশ টাকা মাত্র)। | ৫.১। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আগস্ট/২০২১ খ্রি. মাসের বিবিধ খাতের আয়, ব্যয় ও স্থিতি হিসাব পরিষদের সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ধোবাউড়া, ময়মনসিংহ।<br>২। মুখ্য নির্বাহী অফিসার<br>উপজেলা পরিষদ<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| ৬ | বিবিধ | (ক) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (পক্ষে) বলেন, তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | করোনা টিকা কার্যক্রম সহ সকল কার্যক্রম সুন্দরভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (খ) উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা (পক্ষে) বলেন, স্বাস্থ্য বিধি মেনে স্বাভাবিক কার্যক্রম চালু রয়েছে। বর্তমান সময়ে সংক্রামক রোগের প্রদুর্ভাব নেই। তবে কিছুদিন পর ক্ষুরা রোগের প্রাদুর্ভাব হতে পারে। এ জন্য টিকাদান কর্মসূচী চলমান রয়েছে। করোনায় ক্ষতিগ্রহস্থ খামারীদের প্রণোদনার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠিদের ২য় পর্যায়ে ভেড়া প্রদানের তালিকা প্রস্তত করা হবে। অত্র উপজেলায় ২০২ জন কে ৪০৪ টি ভেড়া দেওয়া হবে। | সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠিদের মাঝে ভেড়ার বিতরণের ক্ষেত্রে প্রকৃত সুবিধাভোগীদের তালিকা প্রস্তত পূর্বক বিতরণ করার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | (গ) উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, রোপা আমন মৌসুমে অত্র উপজেলার লক্ষ্যমাত্রা ছিলো ১৩,৮২০ হেক্টর জমি। অর্জিত হয়েছে ১২,২২০ হেক্টর। বণ্যায় নিমজ্জিত হয়ে ১২০০ হেক্টর জমি। অত্র উপজেলায় কৃষকদের কে পেঁয়াজ, পাট বীজ, মাসকালাই বীজ এবং সার বিতরণ করা হয়েছে। তাছাড়া কৃষি যন্ত্রপাতি ৫০% ভর্তুকির আবেদন ২০ সেপ্টেম্বর পর্যন্ত নেওয়া হবে। এ ব্যাপারে সকলের সার্বিক সহযোগিতা তিনি কামনা করেন। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সঠিক উপকারভোগীরা যেন পায় এ ব্যাপারে উপজেলা কৃষি অফিসার কে নিশ্চিত হওয়ার জন্য অনুরোধ করা হয়। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ঘ) উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, জাতিয় মৎস্য সপ্তাহ ১৯ টি প্রাতিষ্ঠানিক পুকুরে মাছ বিতরণ/অবমুক্ত করা হয়েছে। তাছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | মৎস্য সপ্তাহ কার্যক্রম আরও জোরদার করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ঙ) উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা বলেন, অত্র অফিসের কার্যক্রম সঠিকভাবে চলছে। তাছাড়া ২০২১-২২ অর্থ বছরের টিআর/কাবিখা/কাবিটা বরাদ্দ প্রদান করা হয়েছে। যতদ্রুত সম্ভব বিভাজন করে দেওয়া হবে। বরাদ্দকৃত প্রকল্পের তালিকা সঠিকভাবে প্রণয়ন করার জন্য ইউপি চেয়ারম্যান (সকল) কে তিনি বিশেষভাবে অনুরোধ করেন। | অত্র উপজেলায় বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে কাজ করা যায় সেজন্যে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণদের কে চাহিদা প্রস্তুত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (চ) উপজেলা শিক্ষা কর্মকর্তা (পক্ষে) বলেন, অত্র উপজেলায় বিদ্যালয়গুলো সরকারি নির্দেশনার আলোকে খোলা হয়েছে এবং স্বাস্থ্য বিধি মেনে ক্লাস হচ্ছে। | সরকারি নির্দেশনা মোতাবেক স্কুলের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ছ) উপজেলা যুব উন্নয়ন অফিসার বলেন, তাঁর দপ্তরে কার্যক্রম স্বাভাবিক ও যথারীতি চলছে। ২০২১-২২ অর্থ বছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪২০ জন। বর্তমান মাসে বরাদ্দ প্রদান করা হয়েছে। সেপ্টেম্বর মাসে ১টি ব্যাচ প্রশিক্ষণ করাানো হবে। ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২০,০৫,০০০/- টাকা মাত্র। সেপ্টেম্বর/২১ মাসে ৩,৭০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | ঋণ বিতরণ ও আদায়ের কার্যক্রম আরও জোরদার করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (জ) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (চঃ দাঃ) বলেন, অত্র উপজেলায় মোট সক্ষম দম্পত্তি ৪১,৫৭৭ জন। মোট পদ্ধতি গ্রহণকারী ৩৩০৫৯জন, ইমপ্লনন ৩৩ জন, সুখী ১৩৯ জন, কনডম ১৯জন, ইনজেকশন ৪১ জন, মোট গর্ভবতী ১৪৫৯ জন, ডেলিভারি ১৬৩ জন। তাছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | অত্র উপজেলার লোকজনকে আরও সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। পাশাপাশি দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ঝ) উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সেপ্টেম্বর/২১ মাসে সমবায় ব্যবস্থাপনার উপর ০৫ দিনের আবাসিক প্রশিক্ষণে ময়মনসিংহ জেলার পক্ষে ধোবাউড়া উপজেলা হতে তিনটি সমিতির ০৬ জন সমবায়ীকে মুক্তাগাছা প্রশিক্ষণ ইনস্টিটিউটে প্রেরণ করা হয়েছে। ক্ষুদ্র নৃতাত্ত্বিক প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। তাছাড়া ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত আছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ঋণ আদায় ও বিতরণ আরও জোরদার করতে হবে। | উপজেলা সমবায় অফিসার<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | (ঞ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, উপজেলাধীন শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে এবং ২০২১-২২ সালের এসএসসি পরীক্ষার্থীদের সপ্তাহে ০৬দিন ০২টি বিষয়ে ক্লাস হচ্ছে। অ্যাসাইনমেন্ট এর মাধ্যমে সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম চলমান। তাছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সকল বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক আরও জোরদার করতে হবে। পাশাপাশি অ্যাসাইনমেন্ট কার্যক্রম আরও জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ট) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বলেন, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের (২য় পর্যায়) আওতায় ২০২০-২১ অর্থ বছরে বরাদ্দকৃত নলকূপের স্থান তালিকা তৈরীর কাজ চলমান রয়েছে। সংশ্লিষ্ঠ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ, ভাইস চেয়ারম্যানবৃন্দ ও সংশ্লিষ্ট সকলকেই উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা বরাবর তালিকা প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। তাছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | জনপ্রতিনিধি (সকল) কে দ্রুত তালিকা জমা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ঠ) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে । | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ড) উপজেলা তথ্য সেবা কর্মকর্তা বলেন, তাঁর দপ্তরে অসহায় মহিলাদের স্বাস্থ্য সেবা, অনলাইনে আবেদন, কম্পিউটার প্রশিক্ষণসহ আরও অন্যান্য সেবা কার্যক্রম অব্যাহত আছে। তাছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | অসহায় মহিলাদের সেবার মান আরও জোরদার করতে হবে। | উপজেলা তথ্য কর্মকর্তা<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ঢ) উপজেলা নির্বাহী অফিসার বলেন, (১) ধোবাউড়া হাসপাতাল কমপ্লেক্সে পরিষ্কার পরিচ্ছন্নতা করার লক্ষ্যে উপজেলা রাজস্ব তহবিল নির্দেশনার আলোকে ০১ জন দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োগ দেওয়ার জন্য প্রস্তাব রাখেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>(২) উপজেলা পরিষদ প্যানেল চেয়ারম্যান এবং স্থায়ী কমিটি নতুন করে গঠন করার প্রস্তাব রাখেন।<br>(৩) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর প্রকল্পের নাম ও ট্রেনিং এর নাম জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | (১) বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (ভ) এর আলোকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ০১ জন দৈনিক হাজিরা ভিত্তিতে কাজ করার ব্যাপারে উপস্থিত সকল সদস্য একমতপোষণ করেন।<br>(২) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ প্যানেল চেয়ারম্যান ও স্থায়ী কমিটি পরিবর্তন করার ব্যাপারে উপস্থিত সকল সদস্য একমতপোষণ করেন। যাহা (পরিশিষ্ট-গ) তে অর্ন্তভূক্ত করা হয়েছে। (৩) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (জাইকা) তালিকা এবং ট্রেনিংয়ের প্রস্তাব দ্রুত প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ধোবাউড়া, ময়মনসিংহ।<br>২। মুখ্য নির্বাহী অফিসার<br>উপজেলা পরিষদ<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ণ) উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদের ডরমেটরী ভবনের কর্মচারীগণ অনেকদিন যাবৎ খাবার পানি সমস্যা ভোগছেন এবং টয়লেটের ট্যাঙ্ক অভার লোট হয়ে যাওয়ায় পার্শ্ববর্তী জনগণের ব্যাপক অসুবিধা হচ্ছে। যা জরুরী ভিত্তিতে মেরামত/পরিষ্কার করার জন্য প্রস্তাব রাখেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পিআইসির মাধ্যমে জরুরী ভিত্তিতে একটি গভীর নলকূপ এবং প্রয়োজনীয় মেরামত/পরিষ্কার করার ব্যাপারে উপস্থিত সকল সদস্য একমতপোষণ করেন। | ১। চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ধোবাউড়া, ময়মনসিংহ।<br>২। মুখ্য নির্বাহী অফিসার<br>উপজেলা পরিষদ<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |

**উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন,** উপজেলা পরিষদের সকল দপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্ম পরিকল্পনা প্রনয়ন এবং বাস্তবায়ন করতে হবে। এছাড়াও করোনা ভাইরাস এর বিস্তার প্রতিরোধে সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলতে উৎসাহিত করতে হবে এবং বাজার সমূহে নিয়মিত মনিটরিং জোরদার করতে হবে।

**উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি** সমাপনী বক্তব্যে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি বিভাগীয় প্রধানগণকে বিভাগীয় কার্যক্রম সরকারি নীতিমালা অনুযায়ী সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নসহ কমিটির সিদ্ধান্তসমূহ সুপারিশ আকারে উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করতঃ নিয়মিতভাবে সভায় উপস্থিত থাকার অনুরোধসহ দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৯/২০২১

(ডেভিড রানা চিসিম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ধোবাউড়া, ময়মনসিংহ।

স্মারক নং- ৪৬.০০.৬১১৬.০০০.০৬.০০১.২০১৮-৪০/১(৩৫) তারিখ ঃ ১৬/০৯/২০২১ খ্রি.

<u>সদয় অবগতি/অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u> ঃ

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ময়মনসিংহ-১ (ধোবাউড়া ও হালুয়াঘাট)।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ঢাকা।
৪. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৫. জেলা ............................................................ অফিসার, ময়মনসিংহ।
৬. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধোবাউড়া।
৭. উপজেলা ........................................... অফিসার, ধোবাউড়া, ময়মনসিংহ।
৮. চেয়ারম্যান ......................................... ইউনিয়ন পরিষদ (সকল), ধোবাউড়া, ময়মনসিংহ।
৯. জনাব .................................................................... ধোবাউড়া, ময়মনসিংহ।
১০. অফিস কপি।

২৮/০৯/২১

(রাফিকুজ্জমান)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
ধোবাউড়া, ময়মনসিংহ

## ১৬/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভায় উপস্থিতি ঃ

## পরিশিষ্ট - 'ক'

### উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য-১, উপজেলা পরিষদ, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ১নং দক্ষিণ মাইজপাড়া ইউ.পি, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ২নং গামারীতলা ইউ.পি, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ৩নং ধোবাউড়া ইউ.পি, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ৫নং গোয়াতলা ইউ.পি, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ৬নং ঘোষগাঁও ইউ.পি, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ৭নং বাঘবেড় ইউ.পি, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |

### উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (পক্ষে), ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০২ | উপজেলা কৃষি অফিসার (পক্ষে), ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা , ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকতা, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৬ | উপজেলা শিক্ষা অফিসার (পক্ষে), ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৭ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৮ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৯ | উপজেলা সমবায় কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ১০ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ধোবাউড়া ,ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (পক্ষে), ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা তথ্য কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |

## পরিশিষ্ট '-খ'

### অনুপস্থিত সদস্য/কর্মকর্তা বৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ৪নং পোড়াকান্দুলিয়া ইউ.পি, ধোবাউড়া, ময়মনসিংহ। | |
| ০২ | উপজেলা প্রকৌশলী, ধোবাউড়া, ময়মনসিংহ। | |
| ০৩ | উপজেলা সমাজসেবা কর্মকতা, ধোবাউড়া, ময়মনসিংহ। | |
| ০৪ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ। | |
| ০৫ | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ ময়মনসিংহ -১। | |
| ০৬ | উপজেলা সহকারী প্রকৌশলী (সেচ) হালুয়াঘাট, ময়মনসিংহ। | |